

তারিখঃ ৩১-০৬-২০১২
পৃষ্ঠাঃ ৪

যুগান্তর

ছাত্রদেরও উপবৃত্তি দেয়া হোক

সরকার মাধ্যমিক শিক্ষার পাশাপাশি উচ্চ মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের উপবৃত্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছে। একই সঙ্গে ছাত্রীরা বিনা বেতনে অধ্যয়নের সুযোগটি পেতে আসছে। শিক্ষা গ্রহণে উৎসাহ দানের জন্য সরকারের এমন উদ্যোগ প্রশংসনীয়। কেননা, সমাজ ও দেশের উন্নতির লক্ষ্যে নারীদেরও শিক্ষিত হওয়া প্রয়োজন। কিন্তু পরিভ্রাণের বিষয়, নারী শিক্ষার ব্যাপারে সরকার যতটুকু আর্থিক বিপরীতমুখী হলেদের বেলায় বৈষম্যমূলক নীতি প্রদর্শন করা হচ্ছে বলে আমি মনে করি। তাছাড়া যেসব মেয়ে উপবৃত্তির টাকা পাচ্ছে প্রকৃতই কি তাদের সবার সরকারি সাহায্যের প্রয়োজন আছে? অথবা উপবৃত্তি প্রাপ্তির ব্যাপারে যে সব শর্তারোপিত হয়েছে (বিশেষত মেধার মূল্যায়ন) তা কি মানা হচ্ছে? এছাড়া যেসব অভিভাবকের যথেষ্ট আর্থিক সঙ্গতি রয়েছে- তৈমন ছাত্রীদের উপবৃত্তির অর্থ প্রদানের কোন দৌড়কতা আমি দেখি না। অথচ এমন অনেক গরিব ও

মেধাবী ছাত্র আছে যারা আর্থিক অসম্মতিতে পড়ে শিক্ষাজীবন থেকে অকালে ঝরে যাচ্ছে। যেখানে কোন কোন ছাত্রী উপবৃত্তির টাকার অভিরিক্ত হিসেবে পেয়ে প্রসাধন ও ভোগ-বিলাসে ব্যয় করছে, সেখানে একটা ছাত্রের পড়াশোনার খরচ মেটাতে অভিভাবক হিমশিম খাচ্ছে। ফলে বাধা হয়ে অনেককে পড়ালেখা ইত্তফা দিয়ে চুকে যেতে হচ্ছে কর্মজীবনে। আমরা এমনটি চাই না। তাই ছাত্রদেরও উপবৃত্তি দেয়ার ব্যবস্থা করা হোক।

এটিএম গোলাম সারওয়ার হিরো চব্বটা বাসরহট, নোয়াখালী

গরিব ছেলেদের

উপবৃত্তির টাকা দরকার

বর্তমান সরকার ক্রমতায় আসার পর যোগ্য মেয় ও শ্রেষ্ঠ পর্যায়ে নয় কলেজ পর্যায়ের ছাত্রীদের উপবৃত্তি প্রদান করা হবে। এজন্য বর্তমান প্রধানমন্ত্রী ও সরকারকে ধন্যবাদ জানাই। শিক্ষা বিভাগের জন্য উপবৃত্তি

উদ্যোগকে কল্যাণকর মনে করি। আমরা এ উদ্যোগকে স্বাগত জানাই। কিন্তু পরিভ্রাণের বিষয় এই যে, আমরা ধারা দরিদ্র ছাত্র, তাদের কি হবে? গরিব মেয়েদেরই কি শুধু শিক্ষার প্রয়োজন, ছেলেদের প্রয়োজন নেই? ছাত্র ও ছাত্রীদের সবারই শিক্ষার সমান অধিকার রয়েছে। ছাত্রীরা সব সুযোগ-সুবিধা ভোগ করবে আর ছাত্রবা তা পাবে না তা কি হয়? গরিব ছেলেমেয়েরা লেখাপড়া করতে যে কত কষ্ট তাদের বাবা-মায়েকই বোঝেন। অনেক সময় দেখা যায়, টাকার অভাবে অনেক গরিব অথচ মেধাবী ছাত্রদের লেখাপড়া হয় না। অনেকেই অকালে ঝরে যায়। লেখাপড়া বাদ দিয়ে কেউ রিকশা চালায়, কেউবা গার্মেন্টসে কাজ করে কিংবা অন্যের বাড়িতে কাজ করে যায়। তাই ছাত্রীদের পাশাপাশি ছাত্রী বিশেষ করে গরিব ছাত্রদের উপবৃত্তি প্রদান করা হোক।

এস সেবানীষ পরমনবীষ পঠাশ
রামগোপালপুর, গৌরীপুর, মহম্মনসিংহ